

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯৭৪

১৪/ কর, খাজনা, অনুদান ও প্রশাসনিক দায়িত্ব সম্পর্কে (کتاب الخراج والإمارة والفيء)

পরিচ্ছেদঃ ১৫৮. ঐ পঞ্চমাংশ, যা রাসূলুল্লাহ (ﷺ) গনীমতের মাল হতে নিতেন, কোথায় কোথায় তা বন্টন করতেন এবং নিকটাত্নীয়দের হক সম্পর্কে।

باب فِي بَيَانِ مَوَاضِعِ قَسْمِ الْخُمُسِ وَسَهْمِ ذِي الْقُرْبَى

আরবী

حَدَّتَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّتَنَا ابْنُ نُميْرٍ، حَدَّتَنَا هَاشِمُ بْنُ الْبَرِيدِ، حَدَّتَنَا حُسَيْنُ بْنُ مَيْمُونٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى، قَالَ سَمِعْتُ عَلِيًّا، عَلَيْهِ السَّلَامُ يَقُولُ اجْتَمَعْتُ أَنَا وَالْعَبَّاسُ، وَفَاطِمَةُ، وَزَيْدُ بْنُ حَارِثَةَ، عِنْدَ النَّبِيِّ صلى عَلَيْهِ السَّلَامُ يَقُولُ اجْتَمَعْتُ أَنَا وَالْعَبَّاسُ، وَفَاطِمَةُ، وَزَيْدُ بْنُ حَارِثَةَ، عِنْدَ النَّبِيِّ صلى الله عليه وسلم فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنْ رَأَيْتَ أَنْ تُولِّينِي حَقَّنَا مِنْ هَذَا الْخُمُسِ فِي كَتَابِ اللّهِ فَأَقْسِمَهُ حَيَاتَكَ كَى لاَ يُنَازِعنِي أَحَدٌ بَعْدَكَ فَافْعَلْ . قَالَ فَفَعَلَ ذَلِكَ _ قَالَ _ كَتَابِ اللّهِ فَأَقْسِمَهُ حَيَاتَكَ كَى لاَ يُنَازِعنِي أَحَدٌ بَعْدَكَ فَافْعَلْ . قَالَ فَفَعَلَ ذَلِكَ _ قَالَ _ فَقَسَمْتُهُ حَيَاةَ رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم ثُمَّ وَلاَّنِيهِ أَبُو بَكْرٍ رضى الله عنه حَتَّى إِذَا كَانَتْ آخِرُ سَنَةٍ مِنْ سِنِي عُمَرَ رضى الله عنه فَإِنَّهُ أَتَاهُ مَالٌ كَثِيرٌ فَعَزَلَ حَقَّنَا ثُمَّ وَلاَئِيهِ أَبُو بَكْرٍ رضى الله عنه حَتَّى إِذَا كَانَتْ آخِرُ سَنَةٍ مِنْ سِنِي عُمْرَ رضى الله عنه فَإِنَّهُ أَتَاهُ مَالٌ كَثِيرٌ فَعَزَلَ حَقَّنَا ثُمَّ أَرْسُلُ إِلَى قَقُلْتُ بِنَا عَنْهُ الْعَامَ غِنًى وَبِالْمُسْلِمِينَ إِلَيْهِ حَاجَةٌ فَارْدُدُهُ عَلَيْهِمْ فَرَدَّهُ عَلَيْهِمْ فَرَدُهُ عَلَيْهِمْ فَرَدُهُ عَلَيْهِمْ فَرَدُهُ عَلَيْهِمْ فَرَدُهُ عَلَى عَلَى اللهُ عَنْ حَرَجْتُ مِنْ عِنْدِ عُمَرَ فَقَالَ يَا عَلَى عُمْرَ فَقَالَ يَا الْعَلَا لَيْ اللهُ عَنْ رَجُدُولًا دَاهِيًا .

বাংলা

২৯৭৪. উসমান ইবন আবী শায়বা (রহঃ) আলী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমি, আব্বাস (রাঃ), ফাতিমা এবং যায়দ ইবন হারিছা (রাঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট উপস্থিত ছিলাম। তখন আমি বলিঃ ইয়া রাসূলাল্লাহ! যদি আপনি ভাল মনে করেন, তবে আল্লাহ্র কিতাবের নির্দেশ অনুযায়ী 'খুমুস' হতে আমাদের প্রাপ্য অংশটি আমার ইখতিয়ারে দিয়ে দিন, যাতে আমি তা আপনার জীবদ্দশায় বন্টন করে দিতে পারি এবং আপনার ইন্তিকালের পর আমাদের কেউ যেন আমার সঙ্গে ঝগড়া করতে না পারে।

আলী (রাঃ) বলেনঃ তখন তিনি এরূপ করেন। অতঃপর আলী (রাঃ) বলেনঃ তখন আমি তা (খুমুস) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জীবদ্দশায় বন্টন করে দেই। এরপর আবূ বকর (রাঃ)-ও আমাকে ইখতিয়ার



প্রদান করেন। অবশেষে উমার (রাঃ)-এর খিলাফতের শেষ বর্ষ যখন আসে, তখন তাঁর নিকট অনেক ধন-সম্পদ আসে। তিনি আমাদের হক আলাদা করে রাখেন এবং আমাকে ডেকে নেন। তখন আমি বলিঃ এ বছরে আমাদের ধন-সম্পদের কোন প্রয়োজন নেই, আর সাধারণ মুসলিমদের প্রয়োজন আছে কাজেই আপনি এটা তাদের দিয়ে দিন।

তখন উমার (রাঃ) সে সম্পদ মুসলিমদের মাঝে বণ্টন করে দেন। উমার (রাঃ)-এর পরে কেউ আমাকে এ মাল গ্রহণের জন্য আহবান করেনি। আমি উমার (রাঃ)-এর নিকট হতে ফিরে এসে আব্বাস (রাঃ)-এর সংগে সাক্ষাৎ করি। তখন তিনি বলেনঃ হে আলী! তুমি তো আগামীকাল হতে আমাদের বঞ্চিত করে দিলে। এখন আমরা আর কিছুই পাব না। আর আব্বাস (রাঃ) ছিলেন খুবই জ্ঞানী লোক।

English

Narrated Ali ibn AbuTalib:

I, al-Abbas, Fatimah and Zayd ibn Harithah gathered with the Prophet (ﷺ) and I said: Messenger of Allah, if you think to assign us our right (portion) in this fifth (of the booty) as mentioned in the Book of Allah, and this I may divide during your lifetime so that no one may dispute me after you, then do it. He said: He did that. He said: I divided it during the lifetime of the Messenger of Allah (ﷺ). AbuBakr then assigned it to me. During the last days of the caliphate of Umar a good deal of property came to him and took out our portion. I said to him: We are well to do this year; but the Muslims are needy, so return it to them. He, therefore, returned it to them. No one called me after Umar. I met al-Abbas when I came out from Umar. He said: Ali, today you have deprived us of a thing that will never be returned to us. He was indeed a man of wisdom.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আলী ইবন আবী তালিব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন